



স্মারক নং- খবিম/হঃ শাঃ/৪-৬১/২০১২-২১৩

তারিখ: ০৯ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ  
২৩ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স পারফেক্ট ট্রাভেলস (হজ লা: নং-১১০১), ২৮/৭/২, টয়েনবি সার্কুলার রোড, হোটেল মতিঝিল (২য় তলা), মতিঝিল সি/এ, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে আপনি দায়িত্ব পালন করেছেন; এবং

০২। যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ মোতাবেক লিখিতভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু দু'টি অভিযোগে যথাক্রমে জনাব মোঃ আলমগীর হোসেন শিশির সহ ৩ জন এবং জনাব হাবিব উদ্দিন আহম্মেদ সহ ২ জন আপনার এজেন্সির বিরুদ্ধে কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা আল-মোকররমা, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

“জম জম টাওয়ারে থাকার ব্যবস্থা করা থাকলেও দূরের বাড়ীতে রাখা, হোটেল দূর হওয়ায় হারাম শরীফে গিয়ে ২/১ ওয়াক্তের বেশি নামাজ পড়া যায়নি, অতিরিক্ত টাকা নেয়া, ঠিক মতো খাবার না দেয়া। ”

“চুক্তি অনুযায়ী ‘এ’ প্যাকেজের সুবিধা না দেয়া, অতিরিক্ত টাকা নেয়া, খাবারের কষ্ট দেয়া, হাজীরা কিছু বললে হজ মিশনে বিচার দেয়ার কথা বললে উপহাস করা।” এবং

০৪। যেহেতু আপনার এজেন্সি বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সৌদি আরবে তদন্ত কমিটি তদন্ত করেছেন এবং তদন্ত প্রতিবেদনে শাস্তির সুপারিশ করেছেন; এবং

০৫। যেহেতু আপনার হজ এজেন্সির বিরুদ্ধে গত ২৩.১২.২০১৯ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের খবিম/হঃশাঃ/৪-৬১/ ২০১২-১৯০৩ নং স্মারকে ০৩ (তিন) দিনের মধ্যে জবাব প্রেরণের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

০৬। যেহেতু আপনি গত ২৯.১২.২০১৯ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাবে আপনি আপনার স্বপক্ষে কোন যুক্তি উপস্থাপন করতে পারেননি; এবং

০৭। যেহেতু উল্লিখিত কারণে জাতীয় হজ ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান থাকায় আপনার এজেন্সির হজ লাইসেন্স ০৩ (তিন) বছরের জন্য স্থগিত করা হয়; এবং

০৮। যেহেতু আরোপিত শাস্তি মওকুফের জন্য আপনি রিভিউ আবেদন করেছেন এবং আপনার বক্তব্য উপস্থাপন করেছেন;

০৯। সেহেতু রিভিউ কমিটির সুপারিশ মোতাবেক জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এর ২৪.২ অনুযায়ী আপনার পরিচালিত পারফেক্ট ট্রাভেলস (হজ লা: নং-১১০১) এর হজ লাইসেন্স ০১ (এক) বছর অর্থাৎ ২০২০ সালের জন্য স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

শাঃ / →


আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪৬২৮৫

e-mail: morahajsection@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা (এ এজেন্সির অনুকূলে প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৯. জনাব মোঃ নিজাম উদ্দিন, স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক, পারফেক্ট ট্রাভেলস (হজ লা: নং-১১০১), ২৮/এ/২, টয়েনবি সার্কুলার রোড, হোটেল মতিঝিল (২য় তলা), মতিঝিল সি/এ, ঢাকা-১০০০।
১০. অফিস কপি।

  
২৩.০৩.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
সিনিয়র সহকারী সচিব